

তারিখ: ০৭/১২/২০২৫ খ্রি:

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১৪.২০.৪০৬.২৫- ৭) ০০

প্রেরক: মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরের বাজেটে "১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ" খাতে বরাদ্দ প্রদান।

২০২৫-২৬ অর্থবছরে "১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহ" খাত হতে নিম্নলিখিত 'ছক' অনুযায়ী বরাদ্দ ব্যয় ও বিলির জন্য তাঁর নিয়ন্ত্রণাধীনে অর্পণ করা হলো এবং বরাদ্দকৃত অর্থ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আর্থিক ক্ষমতা অর্পণ ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ বিধি মোতাবেক ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুমতি ও মঞ্জুরী দেয়া হলো।

নতুন সরকারিকরণকৃত ১২৫০২০৭০০০০০০-সরকারি মহাবিদ্যালয়সমূহে বেতন-ভাতাদি বন্টন											(অংকসমূহ হাজার টাকায়)		
ক্র:	শিক্ষা অফিস/ প্রতিষ্ঠানের নাম	৩১-কর্মচারীদের প্রতিদান (Compensation)										মোট টাকা	
		৩১১১১০১ মূল বেতন (অফিসার)	৩১১১১০১ মূল বেতন (কর্মচারী)	৩১১১৩০৬ শিক্ষা ভাতা	৩১১১৩১০ বাড়ী ভাড়া ভাতা	৩১১১৩১১ চিকিৎসা ভাতা	৩১১১৩১৪ টিফিন ভাতা	৩১১১৩১৬ খোলাই ভাতা	৩১১১৩২৫ উৎসব ভাতা	৩১১১৩২৮ শ্রান্তি বিনো. ভাতা	৩১১১৩৩৫ বাংলা নববর্ষ ভাতা		৩১১১৩৫২ বিশেষ সুবিধা
১	সরকারি হাজী আসমত কলেজ, ভৈরব, কিশোরগঞ্জ	৭২৮	০	১৩৪	২০৯১	২৬৭	১০	৩	০	০	০	৩৭	৩২৭০
২	বিশ্বনাথ সরকারি কলেজ, বিশ্বনাথ, সিলেট	৩৭২	০	০	৬০৩	৬৫	০	০	৬২	৩১	৭	৩৮	১১৭৮
বকেয়াসহ মোট বরাদ্দ		১১০০	০	১৩৪	২৬৯৪	৩৩২	১০	৩	৬২	৩১	৭	৭৫	৪৪৪৮

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১০২.০০৩৭.২৫-১২৬১ ও ১২৬২, তারিখ: ১২/১১/২০২৫ এর নির্দেশনা এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

শর্তসমূহ:


- '৩১-কর্মচারীদের প্রতিদান (Compensation)' খাতের অর্থ হতে ক্রমিক নম্বর ০১-এ বর্ণিত প্রতিষ্ঠান শুধুমাত্র ২০২৩-২৪ (০৬ মাস) অর্থবছরের বকেয়া এবং ক্রমিক নম্বর ০২-এ বর্ণিত প্রতিষ্ঠান ২০১৮-১৯ ও ২০২২-২৩ হতে ২০২৫-২৬ পর্যন্ত অর্থবছরের বেতন-ভাতাদি উত্তোলন করতে পারবে;
- শ্রান্তি বিনোদন ছুটি প্রতিষ্ঠান প্রধান তাঁর অধীনস্থ কর্মকর্তা-কর্মচারীদের মঞ্জুর করবেন এবং প্রতিষ্ঠান প্রধানগণের ছুটি অধিদপ্তর মঞ্জুর করবে;
- বরাদ্দকৃত অর্থবছরে এ সকল শিক্ষক-কর্মচারী এমপিও বাবদ বেতন-ভাতাদি পেয়ে থাকলে তা সমন্বয় (পিআরএল সময় ব্যতীত) এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে বেতন-ভাতাদি গ্রহণ করে থাকলে তা সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে;
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সরকারের প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরণের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- উদ্বৃত্ত অর্থ ৩০.০৬.২০২৬ তারিখের মধ্যে সমর্পণ করতে হবে।

স্বাঃ/-

(প্রফেসর বি. এম. আব্দুল হান্নান)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন- ০২-৪১০৫৩৭৭৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (প্রয়োজ্য ক্ষেত্রে এমপিও শিট হতে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের নাম কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- অধ্যক্ষ, ----- মহাবিদ্যালয়, উপজেলা -----, জেলা -----;
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, -----, বিভাগ-----জেলা;
- জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, -----;
- সংরক্ষণ নথি।


(মোঃ জাহাঙ্গীর আলম)
সহকারী পরিচালক (বাজেট)
ফোন- ০২-৪১০৫২১৬৫